

গাইবান্ধার ফুলছত্তি উপজেলার চৰাখঢল এলাকার জিগাবাড়ী উচ্চ বিদ্যালয়ের ২০২৩ সালের এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষার ফল বিপর্যয় ঘটেছে। ৬৩ শিক্ষার্থীর মধ্যে ১১ শিক্ষার্থী পাস করেছে। পাসের হার ১৮ শতাংশের নিচে। ৮২ শতাংশ শিক্ষার্থী ফেল করেছে, যা উদ্বেগজনক। তবে অভিভাবকদের চাপের মুখে পরে বিশেষ বিবেচনায় সব শিক্ষার্থীকে পাস দেখিয়েছেন প্রধান শিক্ষক।

advertisement

নাম প্রকাশে অনিচ্ছুক ওই বিদ্যালয়ের এসএসসি পরীক্ষার্থীর এক অভিভাবক হতাশা প্রকাশ করে বলেন, প্রধান শিক্ষক ফরম পূরণে অতিরিক্ত টাকা নেওয়ার কৌশল হিসেবে বিপুল সংখ্যক শিক্ষার্থীকে ফেল করে দিয়েছেন। তা ছাড়া এসএসসি পরীক্ষার্থীদের সত্যিই যদি এমন ফল

advertisement 4

হয়ে থাকে তা হলে বিষয়টি অনেক হতাশাজনক।

এসএসসি পরীক্ষার্থীদের ফল বিপর্যয়ের বিষয়ে জানতে চাইলে জিগাবাড়ী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক রফিকুল ইসলাম দাবি করেন এসএসসি পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষার ফল এখনো ঘোষণা করা হয়নি। শিক্ষার্থীদের সঙ্গে কথা বলে প্রতিবেদন তৈরি করা হচ্ছে এ কথা শোনার পর তিনি বলেন ‘ফল ঘোষণা হয়েছে এ কথা সত্য। তবে বিশেষ বিবেচনায় সব শিক্ষার্থীকে পাস করে দেওয়ার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।’ পরীক্ষার্থীদের ফেল করিয়ে ফরম পূরণে অতিরিক্ত টাকা আদায়ের কৌশল কিনা এমন প্রশ্নের জবাব না দিয়ে তিনি ফোনের সংযোগ বিচ্ছিন্ন করে দেন।

3
Shares